যুগান্তর

# কর্মক্ষেত্রে যৌন হয়রানি প্রতিরোধ আইন প্রণয়নের দাবি

যুগান্তর প্রতিবেদন

০৯ ডিসেম্বর ২০২১, ০০:০০:০০ | প্রিন্ট সংস্করণ

কর্মক্ষেত্রে যৌন হয়রনি প্রতিরোধে আইন প্রণয়ন ও তা বাস্তবায়নের দাবি জানিয়েছে ছয়টি মানবাধিকার ও শ্রমিক সংগঠনগুলোর জোট ‘জেন্ডার প্ল্যাটফর্ম বাংলাদেশ’। জাতীয় প্রেস ক্লাবের তফাজ্জল হোসেন মানিক মিয়া হলে বুধবার বেলা সাড়ে ১১টার দিকে সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়। সংবাদ সম্মেলন ছয় দফা দাবি তুলে ধরা হয়। সেগুলো হলো- কর্মক্ষেত্রে যৌন হয়রানি প্রতিরোধ আইন প্রণয়ন করা; কর্মক্ষেত্রে সহিংসতা ও হয়রানি নিরসনবিষয়ক আইএলও কনভেনশন ১৯০ অনুসমর্থন করা; যৌন হয়রানি প্রতিরোধে ২০০৯ সালে দেওয়া হাইকোর্টের নির্দেশনার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করা; আদালতের নির্দেশনা সঠিকভাবে বাস্তবায়নে তদারকি কমিটি গঠন করা; নির্দিষ্ট সময়ের মধ্যে নারী ও শিশু নির্যাতনের বিচার নিষ্পত্তি; দৃষ্টান্তমূলক শাস্তি ও বৈষম্যমূলক আইন সংশোধন করা ও নারীর প্রতি সহিংসতামুক্ত সংস্কৃতি চর্চা করা।

সম্পাদক : **সাইফুল আলম**, প্রকাশক : **সালমা ইসলাম**

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by The Daily Jugantor © 2022